

শ্রীশ্রীহরি সঙ্গীত

৭৫ নং তাল-একতালা

তত্ত্বজ্ঞানে মত্ত হ'য়ে নিত্য বস্তু জ্ঞান।

অনিত্য সংসারে রে মন সং সেজে তুই রইলি কেন ॥

- ১। অনিত্য সংসারে ছাড় নিত্যধন অন্বেষণ কর।
মন মানুষে দিয়া ভার, বিবেক আর অনুরাগ আন ॥
- ২। অনুরাগের এমনি ধারা, মনকে করে মাতোয়ারা।
করিয়া সে পাগল পারা, প্রেমামৃত করায় পান ॥
- ৩। পান করিলে প্রেমামৃত মাতঙ্গের হয় সামর্থ্য।
দলিয়া সংসার অনিত্য, মন মানুষের পায় সন্ধান ॥
- ৪। বিবেক বন্ধুর এমনি রীতি, মনকে করে ছন্নমতি।
ঘুচায় সে বাহ্য স্মৃতি প্রেমানন্দ করে দান ॥
- ৫। প্রেমানন্দ উদয় হ'লে, মহানন্দ গুরু মিলে।
অশ্বিনী তোর এই কপালে, সে আনন্দ ঘটবে কেন ॥

৭৬ নং তাল-চুংরী

কেনরে শ্রীগুরুর পদে কি বিষাদে, এ দেহের ভার দিব।

আমি যেমন মানুষ তেমনি রব গুরুকে কেন দায় ঠেকাব ॥

- ১। মনে মম এই সাধ, শ্রীগুরুর শ্রীকমল পদ।
কমলার সু-সম্পদ, দূরে থেকে নিরখিব ॥
- ২। যে চরণ চন্দন দিতে, শঙ্কা হয়ে গোপীর চিতে।
সে চরণে আমা হ'তে কেনরে বেদনা লাগাব ॥
- ৩। গুরু আমার থাকুক সুখে, আমি যেন কাঁদি দুখে।
কাঙ্গাল বেশে করব ভিক্ষে, গুরুর গুণ গেয়ে বেড়াব ॥
- ৪। গুরু আমার পবিত্রময়, অপবিত্র মম হৃদয়।
দিবানিশি ভাবি সদায় কেন সরলে গরল মিশাব ॥